

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং: ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.১০৭

তারিখ:

১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
০২ জুন ২০২৬

প্রতি,
প্রকল্প পরিচালক

.....
.....।

বিষয়: প্রকল্পের তথ্য এলজিইডির ওয়েবসাইটে হালনাগাদ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং: ৪৬.০২.০০০০.৬১১.১৮.০০২.১১.১০৬, তারিখ: ০১-০৬-২০২৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০১-০৬-২০২৬ খ্রি. তারিখে প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে এলজিইডির উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও প্রশাসনিক বিষয় নিয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান প্রকৌশলী, এলজিইডি প্রকল্পের তথ্যাদি এলজিইডির ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ না করায় অসন্তোষ প্রকাশ করেন এবং সূত্রস্থ স্মারক মোতাবেক প্রতি মাসের ৫ তারিখের মধ্যে প্রকল্পের অগ্রগতিসহ অন্যান্য তথ্যাদি এলজিইডির ওয়েবসাইটে হালনাগাদ করার নির্দেশনা সম্বলিত একটি অফিস আদেশ জারী করেন।

এমতাবস্থায় প্রকল্প পরিচালকগণকে নিয়মিতভাবে এলজিইডির ওয়েবসাইটে (বাংলা ও ইংরেজি উভয় ভাষায়) প্রকল্পের তথ্যাদি সংযোজন ও হালনাগাদ নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

- চলমান প্রকল্পসমূহ স্ব-স্ব আইডি-পাসওয়ার্ড ব্যবহার করে এলজিইডির ওয়েবসাইটের নির্ধারিত স্থানে - About, Objective, Component, Implementation Strategy, Success Story, Annual Work Plan, Personnel Info, Project Activities ইত্যাদি তথ্যাদি নিয়মিত হালনাগাদ করতে হবে।
- নতুন প্রকল্প শুরু হলে ওয়েবসাইট (<https://lged.gov.bd/pages/forms>) থেকে প্রকল্প সংশ্লিষ্ট ফরম পূরণপূর্বক আইসিটি ইউনিটে জমা দিয়ে প্রকল্পের ইউজার আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে এবং নিয়মিত অগ্রগতিসহ অন্যান্য তথ্য হালনাগাদ করতে হবে

তথ্য হালনাগাদ করণে জটিলতা সৃষ্টি হলে বা ইউজার আইডি/পাসওয়ার্ড ভুলে গেলে বা অন্যান্য কারিগরি সহায়তার জন্য এলজিইডি'র আইসিটি ইউনিটের সিস্টেম এ্যানালিস্ট জনাব প্রশান্ত কুমার কবিরাজ, মোবাইল নং-০১৯১৮-৯১০১৮১ অথবা জনাব মো: জিয়াউর রহমান, ওয়েব প্রোগ্রামার, মোবাইল নং-০১৮১৭-০৪৬১৮৮ সাথে যোগাযোগ করতে হবে।

উপরোক্ত নির্দেশনার আলোকে স্ব-স্ব প্রকল্পের তথ্যাদি আগামী ১০ কর্মদিবসের মধ্যে ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ মোশাররফ হোসেন)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)

ফোন: +৮৮-০২-৯১২৮৪০৫

ই-মেইল: se.ict@lged.gov.bd

অনুলিপি:

(১) প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

(২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী এলজিইডি সদর দপ্তর, ঢাকা।